

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ারলেভেল-০৩
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০
www.dme.gov.bd

স্মারক: নং-৫৭.২৫.০০০০.০০৩.০২.০০৮(১০).১৭- ৬-৬-৮

তারিখ: ২৩.১১.২০১৭ খ্রি.

বিষয়: শাকপুরা দারুলুন্নাহ কামিল মাদরাসার গভর্ণিং বডিতে বিদ্যোৎসাহী সদস্য (ডিজির প্রতিনিধি) মনোনয়ন প্রসঙ্গে।

সূত্র: (১) শাকপুরা দারুলুন্নাহ কামিল মাদরাসার স্মারক নং-শা/দা/কা/মা/ মনোনয়ন/১৩৪/১৭

তারিখ: ০৮.১০.২০১৭ খ্রি.

(২) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- শিম/শাঃ২৪/বিবিধ-২-৮/২০০৮ (অংশ)/২৭৪

তারিখ: ০৯.০৯.২০১৫ খ্রি.


উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে মহোদয়ের সদস্য অবগতি ও পরবর্তী কার্যক্রম গ্রহণের নিমিত্ত জানানো যাচ্ছে যে, শাকপুরা দারুলুন্নাহ কামিল মাদরাসার গভর্ণিং বডিতে মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর কর্তৃক একজন বিদ্যোৎসাহী সদস্য মনোনয়নের নিমিত্ত সূত্রোক্ত ১ নং স্মারকের মাধ্যমে মহোদয় কর্তৃক ০৩ (তিন) জনের নামের প্রস্তাব সম্বলিত একটি আবেদন দাখিল করা হয়েছে।

০২. দাখিলকৃত আবেদন ও আবেদনের সাথে সংযুক্ত কাগজপত্র ও তথ্যাদি পর্যালোচনায় দেখা যায় -

(ক) বিদ্যোৎসাহী সদস্য প্রাপ্তির নিমিত্ত প্রস্তাবিত তালিকাঙ্ক ১ম ব্যক্তি জনাব মোহাম্মদ জাহাঙ্গীর আলম বি.এ ডিগ্রীধারী একজন ব্যক্তি। তিনি (জনাব মোহাম্মদ জাহাঙ্গীর আলম) গত বছর ২০১৬ সনে মাদরাসার সংস্কার কাজের জন্য এবং মাঠ ভরাতের জন্য ১,০০,০০০/- (এক লক্ষ) টাকার অনুদান প্রদান করেছেন মর্মে মাদরাসার অধ্যক্ষ কর্তৃক দাখিলকৃত আবেদনের সাথে সংযুক্ত পত্রে উল্লিখিত হয়েছে বিধায় বর্ণিত মাদরাসায় তিনি (জনাব মোহাম্মদ জাহাঙ্গীর আলম) বিদ্যোৎসাহী সদস্য হিসেবে কার্যকর ভূমিকা পালন করতে পারবেন মর্মে প্রতীয়মান হয়।

(খ) তাঁর (জনাব মোহাম্মদ জাহাঙ্গীর আলম) অনুকূলে সভাপতি ও অধ্যক্ষ, শাকপুরা দারুলুন্নাহ কামিল মাদরাসা এর সুপারিশ রয়েছে।

০৩. এমতাবস্থায় বর্ণিত বিষয়গুলো বিবেচনায় এনে সূত্রোক্ত ২নং স্মারকের ১৬ নং অনুচ্ছেদে (ফামিল ও কামিল মাদরাসায় বিদ্যোৎসাহী সদস্য পদে মহাপরিচালকের প্রতিনিধি মনোনয়ন দান) বর্ণিত ক্ষমতা বলে জনাব মোহাম্মদ জাহাঙ্গীর আলম, পিতা: মরহুম-আকামত উল্লাহ, গ্রাম ও ডাক: পশ্চিম কধুরখীল, উপজেলা: বোয়ালখালী, জেলা: চট্টগ্রাম -কে উক্ত মাদরাসার গভর্ণিং বডির বিদ্যোৎসাহী সদস্য হিসেবে নির্দেশক্রমে মনোনয়ন দেয়া হলো।



(মো: আফাজ উদ্দীন)

সহকারী পরিচালক (সর: ও সিনি: মাদরাসা)

মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা

ফোন নং- ৯৩৪৫৮৮০

ই-মেইল-dgdmeb@gmail.com

অধ্যক্ষ

শাকপুরা দারুলুন্নাহ কামিল মাদরাসা ডাক: শাকপুরা, উপজেলা: বোয়ালখালী, জেলা: চট্টগ্রাম।

অনুলিপি:

১. সচিব, কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহন পুল ভবন (৯ম তলা) সচিবালয় লিংক রোড, ঢাকা

২. রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ধানমন্ডি, ঢাকা।

৩. সভাপতি, শাকপুরা দারুলুন্নাহ কামিল মাদরাসা ডাক: শাকপুরা, উপজেলা: বোয়ালখালী, জেলা: চট্টগ্রাম।

৪. জনাব মোহাম্মদ জাহাঙ্গীর আলম, পিতা: মরহুম-আকামত উল্লাহ, গ্রাম ও ডাক: পশ্চিম কধুরখীল, উপজেলা: বোয়ালখালী, জেলা: চট্টগ্রাম।

৫. অফিস কপি।